

বর্ষ ১, সংখ্যা ৩০ | ২৪ মে ২০২০

## ঈদ উপলক্ষে মানুষের পাশে

ইয়ুথ এন্ডিং হাঙ্গার নীলফামারী জেলা কো-অর্ডিনেটর মোঃ নুরুজ্জামান সরকারের নেতৃত্বে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে নীলফামারীর ডিমলা উপজেলার খালিশা-চাপানী ইউনিয়নে অসহায়, দুস্থ এবং প্রতিবন্ধী সদস্য



আছেন এমন ৫০টি পরিবারের মাঝে সেমাই, চিনি, মুড়ি বিতরণ এবং এলাকার রোজাদারদের মাঝে ইফতার বিতরণ করা হয়।

এই কাজে সার্বিকভাবে সহযোগিতা করেন স্থানীয় ইয়ুথ লিডার জাহাঙ্গীর কবির, রিপন ইসলাম, গোলাম রব্বানী, রকি, নাইম, ফারুক প্রমুখ। প্রথম রোজা থেকেই অনলাইন এবং সরাসরি বিভিন্নভাবে অর্থ সংগ্রহ করেন তারা। এই সংগৃহীত অর্থ সফলভাবে উপযুক্ত ব্যক্তিদের কাছে পৌঁছে দেন ইয়ুথ লিডাররা। তাদের এই কাজ ভবিষ্যতেও চলমান থাকবে বলে প্রত্যয় ব্যক্ত করেছেন তারা।



## চেমুশিয়ায় ইফতার সামগ্রী বিতরণ

কক্সবাজার জেলার চকরিয়া উপজেলার চেমুশিয়া ইউনিয়নের জমিদারপাড়া গ্রামের ইয়ুথ লিডার জিয়া উদ্দিনের নেতৃত্বে অর্থ সংগ্রহ করে গত ৭ মে ১০০টি অসচ্ছল ও অতিদরিদ্র পরিবারের মাঝে ইফতার



সামগ্রী বিতরণ করা হয়। ইফতার সামগ্রীর মধ্যে ছিল এক কেজি করে ছোলা, সেমাই, মুড়ি ও চিনি এবং এক লিটার তেল।

ইয়ুথ এন্ডিং হাঙ্গারের নেতৃত্বে প্রথম রমজান থেকে শুরু হয় অর্থ সংগ্রহের কাজ। অতিদরিদ্রদের মাঝে ইফতার সামগ্রী বিতরণের জন্য অর্থ সংগ্রহের আহ্বানে সাড়া দিয়ে এলাকার অনেক শিক্ষক, ব্যবসায়ী, প্রবাসীরা নিজেদের সামর্থ অনুযায়ী দশম রমজানের মধ্যে টাকা পাঠান। এলাকার অতিদরিদ্রদের তালিকা করা শেষে ১২ই রমজান ৭ মে ২০২০ তারিখে তালিকা ধরে বাড়ি বাড়ি গিয়ে উল্লেখিত উপহার সামগ্রী বিতরণ করা হয়। এলাকার ইয়ং স্টার সোসাইটি ও ইয়ুথ এন্ডিং হাঙ্গার এর সদস্যরা যৌথভাবে এই মানবিক সহায়তার কাজ সম্পন্ন করে।



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি  
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব  
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ  
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

✉ yeh.bd@thp.org  
🌐 yeh.thpbd.org | thpbd.org  
📺 facebook.com/YEHBD

📍 হেরাল্ডিক হাউস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)  
📞 ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।  
📞 ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

